দৈনিক খবর

তারিখ 06 NOV 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮-৯

# তিন শতাধিক প্রাথমিক শিক্ষা অফিসার ও শিক্ষক ৬ মাস বেতন পাচ্ছে না.

।। সাহেদ হোসেন চৌধুরী ।।

দেশের ৩শ'টি উপজেলার তিন শতাধিক উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ও কয়েক হাজার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক গত ৬ মাস ধরে বেতন পাচ্ছে না। নির্ধারিত সময়ের আগেই উন্নয়ন খাতের অর্থ ফুরিয়ে যাওয়ার কারণে এই অচলাবস্থার সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট একটি সূত্রে এই খবর জানাগেছে।

সূত্র জানায়, চলতি বছরের জানুয়ারী মাসে চাকরিতে নতুন নিয়োগপ্রাপ্ত এবং অন্য উপজেলা হতে বদলী হয়ে আসা উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারেরা গত জুন মাস হতে তাদের মাসিক বেতন ভাতা পাচ্ছে না। অবশ্য এসব উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা

৭-এর পাতায় দেখুন

## তিন শতাধিক শিক্ষক

প্রথম-পৃষ্ঠার পর

অফিসারেরা জানুয়ারী থেকে শুরু করে মে মাস পর্যন্ত নিয়মিত বেতন পেয়েছিল। গত ১৯৮৮ সালের শেষের দিকে দেশের বিভিন্ন উপজেলায় প্রায় তিন শতাধিক উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারকে চাকরিতে নতুন নিয়োগ ও অন্য উপজেলা থেকে অপর উপজেলায় বদলী করা হয়েছে বলে জানা গেছে।

এদিকে উপজেলার উন্নয়ন তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় দেশের অসংখ্য প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মাসিক বেতন দেয়া সম্ভব হচ্ছে না। উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারদের মতো প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা গত জুন মাস থেকে তাদের বেতন পাচ্ছে না।

সংশ্লিষ্ট একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারদের প্রয়োজনীয় তহবিলের অভাবে বেতন পাচ্ছে না। নিয়ম অনুযায়ী চলতি বছরের জানুয়ারী মাসে নিয়োগ পাওয়া ও বদলী হয়ে আসা উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারদের ২০৫ উন্নয়ন খাত থেকে বেতন দেয়া হতো। কিন্তু মে মাসের পর আচমকা এই উন্নয়ন খাতে অর্থের সংকট দেখা দেয়। যার কারণে শিক্ষা অফিসাররা বেতন পাচ্ছে না। এই উন্নয়ন খাতের সাথে সংশ্লিষ্ট কয়েক হাজার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরাও তাদের বেতন পায়নি।

সূত্রটি জানায়, '৩৭ রাজস্ব খাত থেকে উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন দেয়া হলে এই অচলাবস্থার নিরসন করা সম্ভব হবে।